

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫১

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ ঈমানের ফযিলত - যে ব্যক্তি 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলবে সে জান্নাতে যাবে তার বিবরণ

بَابُ فَضْل الْإِيمَانِ \_ ذكر البيان بأنه مَنْ قَالَ: "لَا إِلَهَ إِلَّا اللَّهُ" دَخَلَ الْجَنَّةَ

## আরবী

أَخْبَرَنَا الْفَضِلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ حَدَّتَنَا حَفْصُ بْنُ عُمَرَ الْحَوْضِيُّ حَدَّتَنَا مُحَرَّرُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ: قَعْنَبِ الْبَاهِلِيُّ حَدَّتَنَا رِيَاحُ بْنُ عُبَيْدَةَ عَنْ ذَكْوَانَ السَّمَّانِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: بَعَتَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: "نَادِ فِي النَّاسِ مَنْ قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: أَيْنَ تُرِيدُ؟ قُلْتُ: بَعَتَنِي رَسُولُ اللَّهِ صَلَّى دَخَلَ الْجَنَّةَ" فَخَرَجَ فَلَقِيَهُ عُمَرُ فِي الطَّرِيقِ فَقَالَ: أَيْنَ تُرِيدُ؟ قُلْتُ: بَعَتَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِكَذَا قَالَ: ارْجِعْ, فَأَبَيْتُ فَلَهَزَنِي لَهْزَةً فِي صَدْرِي أَلَمُهَا فَرَجَعْتُ وَلَا اللَّهِ إِنَّ اللَّهُ إِنَّ اللَّهُ إِنَّ اللَّهُ إِنَّ اللَّهِ إِنَّ اللَّهِ إِنَّ اللَّهِ إِنَّ اللَّهِ إِنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِكَذَا وَكَذَا قَالَ: اللَّهِ بَعَتْتَ هَذَا بِكَذَا وَكَذَا قَالَ: "نَعَمْ" قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ وَلَمْ أَجِدْ بُدًّا قَالَ: يَا رَسُولَ اللَّهِ بَعَتْتَ هَذَا بِكَذَا وَكَذَا قَالَ: "نَعَمْ" قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ اللّه عليه وسلم: "أَقعد".

الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ اللَّهِ المحدث: شعيب الأرنؤوط المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 151 | خلاصة حكم المحدث: إسناده صحيح.

## বাংলা

১৫১. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে এই বলে পাঠালেন যে: "মানুষের মাঝে তুমি ঘোষনা দাও যে, যে ব্যক্তি 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলবে সে জান্নাতে প্রবেশ করবে।' অতঃপর তিনি (তা ঘোষনা দেওয়ার জন্য) বের হলেন, পথিমধ্যে উমার রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে তাঁর সাক্ষাৎ হলো। তিনি জিজ্ঞেস করলেন: তুমি কোথায় যাচ্ছো? আমি বললাম: 'রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে এই এই বার্তা দিয়ে পাঠিয়েছেন।' এটা শুনে তিনি বললেন: তুমি ফিরে যাও। কিন্তু আমি ফিরে যেতে অস্বীকৃতি জানালাম। ফলে তিনি আমার বুকে এমনভাবে ঘুষি মারলেন যে, আমি তাতে বুকে ব্যথা অনুভব করলাম। অতঃপর কোন উপায় না পেয়ে আমি ফিরে আসলাম।



উমার রাদিয়াল্লাহু আনহু বললেন: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি কী একে এই এই বার্তা দিয়ে পাঠিয়েছিলেন? তিনি বললেন: হ্যাঁ। উমার রাদিয়াল্লাহু আনহু আর্য করলেন: (এটা শুনে) মানুষ (জান্নাতের) আশায় (আমল বাদ দিয়ে বসে) থাকবে এবং তারা ভয় করবে।[1] অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জাবিরকে বললেন: "ঠিক আছে, বসো।"[2]

[1] (وَخَشُوا) "এবং তারা ভয় করবে।"- এই অংশটুকু রাবী ভুল করে বর্ণনা করেছেন, আসলে সঠিক হবে "خَبِثُوا" 'এবং তারা খারাপ হয়ে যাবে।' আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ বলেন: মূল সূত্রে "خَبِثُوا" 'এবং তারা খারাপ হয়ে যাবে।' এমনি আছে।ইবনু খুযাইমার 'আত তাওহীদ' কিতাবেও এমনটি আছে। এবং অর্থগতভাবেও এটাও সঠিক। (সহীহ মাওয়ারিদুয যমআন: ১/৯৫; আস সহীহাহ: ১৩১৪, ২৩৫৫।)

[2] হাদীসটি হাফিয জালালুদ্দিন সুয়ূতি রহিমাহুল্লাহ তাঁর 'আল জামি'উল কাবীর' গ্রন্থে বর্ণনা করেছেন এবং ইবনু খুযাইমা ও সা'ঈদ বিন মানসূর রহিমাহুমাল্লাহ এর দিকে সম্পর্কিত করেছেন। এই ব্যাপারে আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে সহীহ মুসলিমে হাদীস রয়েছে। হাদীস নং ৩১ এবং মুয়ায বিন জামাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকেও হাদীস আছে। হাদীস নং ৩২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বলেছেন: হাদীসের রাবী মুহার্রর বিন কা'নাবকে হাফিয আবু যুর'আহ সিকাহ বা নির্ভরযোগ্য বলেছেন। হাদীসের অন্যান্য রাবী নির্ভরযোগ্য। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৩৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন